

ফেব্রুয়ারির মধ্যে রাকসু নির্বাচনের তফসিল দাবি

রাবি প্রতিনিধি

০৪ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



ফেব্রুয়ারির মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের তফসিল ঘোষণার দাবি জানিয়েছে রাকসু আন্দোলন মঞ্চ। গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের পরিবহন মার্কেট চত্বরে আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানান সংগঠনটির নেতারা।

UNIBOTS

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে রাকসু আন্দোলন মঞ্চের সদস্যসচিব আমানউল্লাহ খান বলেন, বর্তমান উপাচার্য গত বছরের ৫ সেপ্টেম্বর পদায়িত হন এবং উনি দায়িত্ব পাওয়ার পর ৫-৬ মাসের মধ্যে রাকসু নির্বাচন দেওয়ার বিষয়ে প্রত্যয় ব্যক্ত করেন। ওনার ঘোষিত সময় অনুযায়ী ফেব্রুয়ারির মধ্যে রাকসুর তফসিল ঘোষণার জন্য আমরা রাকসু আন্দোলন মঞ্চ থেকে জোর দাবি জানাচ্ছি।

১৯৯০ সালের পর থেকে রাকসু কার্যকর না থাকায় দেশে রাজনৈতিক নেতৃত্বে যে সংকট তৈরি হয়েছে, তা দূর করতে ছাত্র সংসদ কার্যকরের বিকল্প নেই।

জুলাই অভ্যুত্থানের পর তরুণদের নেতৃত্ব বিকাশের যে সুযোগ তৈরি হয়েছে এবং রাষ্ট্র পরিচালনায় তরুণদের অংশগ্রহণ নিশ্চিত ছাত্র সংসদ জোরালো ভূমিকা পালন করবে। এ সময় অন্যদের মধ্যে বিভিন্ন বিভাগের দশের অধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গতবছরের ২৫ সেপ্টেম্বর রাবি উপাচার্য অধ্যাপক ড. মো. সালেহ হাসান নকীব বলেছিলেন, ‘আগামী ৫-৬ মাসের মধ্যে রাকসু নির্বাচন আয়োজন করার চেষ্টা করব।’ এরপর রাকসু নির্বাচন বিষয়ে কয়েক দফায় ক্যাম্পাসের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও স্বৈচ্ছাসেবী সংগঠনের নেতাদের সঙ্গে মতবিনিময় করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। তবে রাকসু নির্বাচন বিষয়ে এখনো কোনো সুনির্দিষ্ট ঘোষণা দেয়নি প্রশাসন।